



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/ বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২০.২৩৫. ১৮৬৭

তারিখঃ ৩১/০৭/২০২০ খ্রিঃ।

বিষয় : রিট পিটিশন নং-১৭১১৯/২০১৭ মামলার বাদীর চাকুরী সংক্রান্ত বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র-১ : আইন সেল, কাশিঅ স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২০.২৩৫.১৯২০, তারিখ : ১২.০৩.২০২০খ্রিঃ

সূত্র-২ : তদন্ত কর্মকর্তার আবেদন (কাশিঅ ডকেট নং-১৫৯, তারিখ : ২৩.০৩.২০২০খ্রিঃ।

সূত্র-৩ : আইন সেল, কাশিঅ স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২০.২৩৫.১৯৫১, তারিখ : ২৫.০৩.২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন মান্দা থানা আদর্শ বালিকা বিদ্যালয় এন্ড কলেজের জনাব মো: সাত্তার আলী, ট্রেড ইন্সট্রাক্টর (জেনারেল ইলেকট্রনিক্স) গত ১০/০৮/২০০৮ খ্রি: তারিখ হতে বকেয়াসহ এমপিও বেতনভাতাদি চলমান রাখার আদেশ প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ১৭১১৯/২০১৭ নং দায়ের করেন। উল্লেখ্য যে, বাদীর বেতন ভাতাদি এমপিও শীটে Stop payment রয়েছে।

২। বাদী জনাব মো: সাত্তার আলী, ট্রেড ইন্সট্রাক্টর (জেনারেল ইলেকট্রনিক্স) এর এমপিও কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে Stop payment করা হলেও Stop payment এর কারণ বিষয়ে কোন ধরনের তথ্য প্রমাণক অধ্যক্ষ, বাদী এবং অধিদপ্তরের এমপিও শাখা হতে না পাওয়ায় বাদী জনাব মো: সাত্তার আলীর চাকরীতে নিয়োগ, যোগদান, এমপিওকরণ, চাকুরীতে যোগদানের তারিখ হতে চাকুরীর ধারাবাহিকতা, এমপিও স্থগিতকরণ বিষয়ে ম্যানেজিং কমিটি কর্তৃক গৃহিত ব্যবস্থা, রেজুলেশন বহির ধারাবাহিক আলোচনা ও সিদ্ধান্তসহ তার এমপিও বেতন ভাতাদি এমপিও শীটে Stop payment করণসহ সার্বিক বিষয়ে সরোজমিনে তদন্ত পূর্বক ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন আইন সেলে প্রেরণের জন্য প্রকৌ. মো: খুরশেদ আলম, সহকারি পরিচালক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে ১ নং সূত্রস্থ স্মারকে দায়িত্ব প্রদান করা হয়।

৩। তদন্ত কর্মকর্তা প্রকৌ. মো: খুরশেদ আলম, সহকারি পরিচালক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বর্তমানে করোনা ভাইরাসের জন্য সরোজমিনে তদন্ত কার্যক্রম অত্যন্ত ঝুঁকিপূর্ণ বিধায় তদন্ত কার্যক্রম সম্পন্ন করতে আরও ০১ (এক) মাস সময় বর্ধিতকরণের অনুরোধ করলে সরোজমিনে তদন্ত পূর্বক তদন্ত প্রতিবেদন আইন সেলে প্রেরণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে ১ (এক) মাস সময় বর্ধিত করে ৩ নং সূত্রস্থ স্মারকে পত্র জারি করা হয়।

৪। উল্লেখ্য যে, মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং-১৭১১৯/২০১৭ মামলায় গত ১১/০৩/২০২০ তারিখে উক্ত মামলাটি 'Accordingly the respondents are hereby directed to consider the petitioners claim for releasing the MPO of the petitioner with arrears and continue the same expeditiously, if he is not found otherwise disqualified in accordance with law. With the observations and directions, the Rule is disposed of' মর্মে নিষ্পত্তি করেন।

৫। এমতাবস্থায়, বাদী জনাব মো: সাত্তার আলীর চাকরীতে নিয়োগ, যোগদান, এমপিওকরণ, চাকুরীতে যোগদানের তারিখ হতে চাকুরীর ধারাবাহিকতা, এমপিও স্থগিতকরণ বিষয়ে ম্যানেজিং কমিটি কর্তৃক গৃহিত ব্যবস্থা, রেজুলেশন বহির ধারাবাহিক আলোচনা ও সিদ্ধান্তসহ তার এমপিও বেতন ভাতাদি এমপিও শীটে Stop payment করণসহ সার্বিক বিষয়ে সরোজমিনে তদন্ত পূর্বক ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন আইন সেলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রাপ্ত প্রতিবেদনের আলোকে মহামান্য আদালতের আদেশ বাস্তবায়ন/আপীল দায়েরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

প্রাপকঃ

প্রকৌশলী জনাব মো: খোরশেদ আলম
সহকারি পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও
ঢাকা।

ড. রেজা হাসান মাহমুদ
সংযুক্ত কর্মকর্তা (আইন)
আইন সেল
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০২। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৩। বিজ্ঞ সলিসিটর, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, সলিসিটর ভবন, সুপ্রীম কোর্ট, ঢাকা।

০৪। জেলা প্রশাসক, নওগাঁ।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ।

০৬। সহকারি পরিচালক-১/৮, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

০৯। অধ্যক্ষ/সভাপতি, মান্দা থানা আদর্শ বালিকা বিদ্যালয় এন্ড কলেজ, মান্দা, নওগাঁ।

১০। জনাব মো: সাত্তার আলী, মামলার বাদী, ট্রেড ইন্সট্রাক্টর, মান্দা থানা আদর্শ বালিকা বিদ্যালয় এন্ড কলেজ, মান্দা, নওগাঁ।

১১। পি.এ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। সংরক্ষণ নথি।